

অনলাইন ক্লাসরুম

৬ষ্ঠ শ্রেণি

সময়ঃ ১ ঘন্টা ৪০ মিনিট

বিষয়ঃ গণিত

পূর্ণমানঃ ৫০

[যে কোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১। পাঁচ অঙ্কের একটি বৃহত্তম সংখ্যাকে ১৬, ২৪, ৩০ ও ৩৬ দিয়ে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ২৫ থাকে।

(ক) ৩০ ও ৩৬ এর সাধারণ গুণনীয়কগুলো লেখ।

(খ) মৌলিক গুণনীয়কের সাহায্যে ১৬, ২৪, ৩০ এবং ৩৬ এর ল.সা.গু নির্ণয় কর।

(গ) বৃহত্তম সংখ্যাটি নির্ণয় করে তা হতে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ কর।

২। ৯, -৬, এবং ৫ তিনটি সংখ্যা।

(ক) সংখ্যারেখায় শেষের দুইটি সংখ্যার অবস্থান দেখাও।

(খ) সংখ্যারেখার সাহায্যে প্রথম দুইটি সংখ্যার যোগফল নির্ণয় কর।

(গ) সংখ্যা তিনটির যোগাত্মক বিপরীত সংখ্যা নির্ণয় করে তাদের যোগফল নির্ণয় কর।

৩। কয়েকটি বাস্তব সংখ্যা : -13, -6, -2, 3, 11.

(ক) সংখ্যাগুলোর মধ্যে কোনটি ছোট?

(খ) সংখ্যাগুলোর যোগফল কত?

(গ) সংখ্যারেখার সাহায্যে প্রথম দুইটি সংখ্যার যোগফল নির্ণয় কর।

৪। $(x + y)^3$ এবং $x^3 + 3x^2y + 3xy^2 + y^3$ দুইটি বীজগাণিতিক রাশি।

(ক) $x = 1, y = 5$ হলে, প্রথম রাশির মান কত?

(খ) $x = -2, y = 7$ হলে, প্রথম রাশির মান কত?

(গ) দেখাও যে, $x = 2, y = -3$ হলে, প্রথম রাশি = দ্বিতীয় রাশি।

৫। $\frac{x}{3} + \frac{y}{2} - \frac{z}{5}$, $(a + b)^3$ এবং $a^3 + 3a^2b + 3ab^2 + b^3$ তিনটি

বীজগাণিতিক রাশি।

(ক) উদ্দীপকের ১ম রাশিটির পদ কয়টি ও কী কী ?

(খ) উদ্দীপকের ১ম রাশিটি দ্বারা কী বোঝায় এবং প্রত্যেক পদের চলকের সহগ বের কর এবং সহগগুলির যোগফল বের কর।

(গ) $a = 2, b = 3$ হলে, দেখাও যে, $(a + b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3$

৬। কোনো বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ১১ জন ছাত্র-ছাত্রীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর হলোঃ ৩০, ৪০, ৩৫, ৫০, ৬০, ৭০, ৬৫, ৭৫, ৬০, ৭০, ৬০।

(ক) উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে লেখ।

(খ) উপাত্তসমূহের গড় নির্ণয় কর।

(গ) উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর।